



খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

স্মারক নং-খুপ্রবি/শিক্ষা/ ১৮৯৬/২৫

তারিখ ২৩/১১/২০২২ইং।

২০২৩ শিক্ষাবর্ষের জানুয়ারী সেমিস্টারে স্নাতকোত্তর প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে (সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট, এনার্জি সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং, আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং, লেদার ইঞ্জিনিয়ারিং, গণিত, রসায়ন ও পদার্থ বিজ্ঞান) পোস্ট গ্রাজুয়েট প্রোগ্রামে (এম.এস-সি. ইঞ্জিঃ/এমইউআরপি/এম.এস-সি./এম.ফিল ও পি-এইচ.ডি) এবং বিভিন্ন ইনস্টিটিউটে (আইআইসিটি, আইডিএম ও আইইপিটি) পোস্ট গ্রাজুয়েট প্রোগ্রামে (পিজিডি/এম.এস-সি. ইঞ্জিঃ/এম.এস-সি/এম (ডিএম)/এম.এস-সি (স্যানিটেশন) ও পি-এইচ.ডি) ছাত্র-ছাত্রী ভর্তির জন্য Online এর মাধ্যমে নিম্নবর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

১। আবেদনের জন্য প্রার্থীর যোগ্যতাঃ

আবেদনের যোগ্যতা সম্বলিত বিস্তারিত তথ্য ওয়েবসাইটে (<https://www.kuet.ac.bd/pgadmission>) পাওয়া যাবে।

২। আবেদনপত্রে অবশ্যই ২জন Referee এর নিকট হতে Recommendation Letter পাওয়ার জন্য তাঁদের নাম, ঠিকানা ও Email Address থাকতে হবে, যার মধ্যে একজন অবশ্যই প্রার্থীর সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক হবেন।

৩। প্রার্থীকে আবেদনপত্রে স্টুডেন্ট টাইপের ঘরে পূর্ণকালীন বা খন্ডকালীন উল্লেখ করতে হবে।

৪। বিভিন্ন বিভাগ ও ইনস্টিটিউটে আসন সংখ্যাঃ

সিই	৩৫	ইইই	৩৫	এমই	৩৫	সিএসই	৩৫	ইসিই	২০	আইইএম	৫
ইএসই	১০	বিএমই	১০	ইউআরপি	১০	এলই	৫	গণিত	২০	রসায়ন	২০
পদার্থ	২০	আইআইসিটি	২০	আইডিএম	২০	আইইপিটি	৫				

৫। ভর্তি সংক্রান্ত সময় সূচীঃ

ক)	অনলাইনে আবেদন ফরম পূরণ ও Submission শুরু	২৭/১১/২০২২ইং
	অনলাইনে আবেদন ফরম পূরণ ও Submission শেষ	১০/১২/২০২২ইং (বিকাল ৫.০০ টা)
খ)	ভর্তির পরীক্ষার তারিখ ও সময়	১৮/১২/২০২২ইং (পরীক্ষার সময় পরবর্তীতে জানানো হবে)
গ)	ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ	২১/১২/২০২২ইং

৬। শুধুমাত্র পূর্ণকালীন ছাত্র/ছাত্রীগণ নিয়মানুযায়ী ফেলোশীপ/টিচিং এ্যাসিস্ট্যান্টশীপ (Fellowship/Teaching Assistantship) এর জন্য আবেদন করতে পারবে। সেক্ষেত্রে প্রার্থীকে ভর্তির পর পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) এর কার্যালয় থেকে টিচিং এ্যাসিস্ট্যান্টশীপ ফরম সংগ্রহ করতে হবে।

৭। অনলাইনের মাধ্যমে আবেদন ফি বাবদ ৫০০/- টাকা পরিশোধ করতে হবে। বিস্তারিত ওয়েবসাইট থেকে জানা যাবে।

৮। Online-এ আবেদনের সময় নিম্নবর্ণিত কাগজপত্রসমূহ ১টি Zip File আকারে Submit/Upload করতে হবে এবং নিম্নলিখিত কাগজপত্রসহ আবেদনপত্রটি ডাকযোগে ১১/১২/২০২২ইং তারিখের মধ্যে অবশ্যই “রেজিস্ট্রার, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়” বরাবর পাঠাতে হবে অথবা সরাসরি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা শাখায় (পোস্ট গ্রাজুয়েট) জমা দেয়া যাবে।

(i) শিক্ষাগত যোগ্যতার সকল মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/গ্রেডশীট এর Scan কপি।

(ii) শিক্ষাগত যোগ্যতার সকল মূল/প্রভিশনাল সার্টিফিকেট এর Scan কপি।

উপরোক্ত কাগজপত্রসমূহ Zip File আকারে ১০/১২/২০২২ইং তারিখ এর মধ্যে Submit করতে ব্যর্থ হলে আবেদনপত্র অসম্পূর্ণ বলে গণ্য হবে।

৯। অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ এবং আবেদনপত্রের তথ্যাদি ভুল প্রমাণিত হলে, আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১০। ভর্তি পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই আবেদনপত্রের সাথে সংযুক্ত সকল কাগজপত্রের মূলকপি সঙ্গে আনতে হবে। এজন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। ভর্তি সংক্রান্ত সকল তথ্যাবলী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট এ (<https://www.kuet.ac.bd/pgadmission>) বিস্তারিত পাওয়া যাবে এবং Online Form পূরণ এবং Payment এর ক্ষেত্রে কোন সমস্যার সম্মুখীন হলে প্রকৌশলী মোঃ সিদ্দিকুর রহমান তানভীর (e-mail: tanveer@kuet.ac.bd) এর সাথে অফিস চলাকালীন (সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত) যোগাযোগ করা যাবে।

স্বাক্ষরিত/-
(প্রকৌশলী মোঃ আনিছুর রহমান ভূঞা)
রেজিস্ট্রার
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়